গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
অগ্নি অনুবিভাগ
www.ssd.gov.bd

বাংলাদেশের এলডিসি স্ট্যাটাস থেকে উত্তরণযোগ্যতা অর্জনের ঐতিহাসিক সাফল্য উদযাপন সংক্রান্ত সভার কার্যবিবরণী :

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ফরিদ উদ্দিন আহম্মদ চৌধুরী<br>সচিব, সুরক্ষা সেবা বিভাগ |
| সভার তারিখ | : | ০১ মার্চ ২০১৮ |
| সময় | : | বিকাল ০৩.০০ টা |
| স্থান | : | মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ। |

উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট ‘ক’ তে উপস্থাপন করা হলো।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি জনান যে, জাতিসংঘ ১৯৭১ সালে অর্থনৈতিক ও সামাজিক উন্নয়নের তিনটি নির্ণায়ক (Criteria) এর ভিত্তিতে স্বল্পন্নোত দেশ হিসেবে চিহ্নিত করে এলডিসি শ্রেণি প্রতিষ্ঠা করে, (১)মাথাপিছু আয় (GNI Per Capita), (২) মানব সম্পদ সূচক (Human Assets Index-HAI) এবং (৩) অর্থনৈতিক ঝুঁকি সূচক (Economic Vulnerability Index-EVI)। বাংলাদেশ ১৯৭৫ সালে এলডিসি শ্রেণিতে অন্তর্ভুক্ত হয়। প্রতিষ্ঠাকালে এলডিসি’র সংখ্যা ছিল ২৫, বর্তমানে এলডিসি’র সংখ্যা ৪৭। এলডিসি থেকে উত্তরণে তিনটি নির্ণায়কের মানদন্ড হচ্ছে : (ক) মাথাপিছু জিএনআই (Per Capita GNI): US$1230 বা বেশী, (খ) মানবসম্পদ সূচক (HAI) : ৬৬ বা বেশী এবং (গ) অর্থনৈতিক ঝুঁকি সূচক (EVI) : ৩২ বা কম। উত্তরণের জন্য তিনটি নির্ণায়কের যে কোন দু’টির নির্ধারিত মান অথবা জিএনআই এর দ্বিগুণ (income only criteria) অর্জন করতে হয়। বাংলাদেশই প্রথম দেশ যা তিনটি নির্ণায়কের সবগুলোতে মান অর্জনে সক্ষম হয়েছে।

০২। আলোচনায় অংশ নিয়ে অতিরিক্ত সচিব (অগ্নি/উন্নয়ন) জানান যে, উক্ত বিষয়ে ১৮/০২/২০১৮ তারিখে এসডিজি বিষয়ক মুখ্য সমন্বয়ক মহোদয়ের সভাপতিত্বে ভিডিও কনফারেন্সিংয়ের মাধ্যমে একটি আন্ত:মন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় আলোচ্য ঐতিহাসিক অর্জন উদযাপন উপলক্ষে কতিপয় সিদ্ধান্ত গৃহীত হয়। তন্মধ্যে অত্র বিভাগ সংশ্লিষ্ট সিদ্ধান্তসমূহ নিম্নরূপ :

| সময়/স্থান | অনুষ্ঠান/কর্মসূচি | মন্তব্য | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| সকাল ১১.০০ মি: বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র | এলডিসি স্ট্যাটাস থেকে উদযাপন উপলক্ষে প্রস্তুতকৃত বিশেষ স্মারণিকা বিতরণ | বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়/বিভাগ এবং তাদের গুরুত্বপূর্ণ সংস্থাগুলোর সাফল্য ও উন্নয়ন বিবরণী স্মারণিকায় তুলে ধরা হবে। প্রতিটি মন্ত্রণালয়/বিভাগ এবং তাদের গুরুত্বপূর্ণ সংস্থা এক পৃষ্ঠায় তাদের সাফল্য ও অর্জন এবং তাদের কার্যক্রমের সাথে সঙ্গাতিপূর্ণ অথবা প্রতিনিধিত্ব করে এমন একটি প্রতীকী ছবিও এই বিবরণীতে অন্তর্ভুক্ত করতে পারে। এ বিষয়ের বিবরণী ০৪/০৩/২০১৮ তারিখের মধ্যে ইআরডি’তে প্রেরণ করতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), সুরক্ষা সেবা বিভাগ, মহাপরিচালক-ডিআইপি, মহাপরিচালক-ফাসাসিডি, কারা মহাপরির্শক-কারা অধিদপ্তর এবং মহাপরিচালক-ডিএনসি। |
| বেলা ০৩.০০ মি: বাংলাদেশ শিশু একাডেমি প্রাঙ্গাণ থেকে বর্ণাঢ্য শোভাযাত্রা | বাংলার ঐতিহ্য, সংস্কৃতি ও উন্নয়ন তুলে ধরে মন্ত্রণালয়/ গুরুত্বপূর্ণ সংস্থা কর্তৃক শহরময় সুসজ্জিত বাদক/তারকা খেলোয়ার / অভিনেতা / বিশিষ্ট ব্যক্তিবর্গ ও জনগণের অংশগ্রহণে | স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং এর আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের কর্মকর্তা/কর্মচারীবৃন্দ বেলা ২.৩০ মিনিটের মধ্যে বাংলাদেশ শিশু একাডেমি প্রাঙ্গাণে সমবেত হবেন। | ঐ |

সারা দেশব্যাপী উদযাপন কর্মসূচি, মার্চ ২০-২৫, ২০১৮

| অনুষ্ঠান/কর্মসূচি | মন্তব্য | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| বিশেষ সেবা সপ্তাহ পালন- জেলা / উপজেলা / ইউনিয়ন পর্যায়ে নাগরিক সুবিধাগুলো জনগণের দোরগোড়ায় পৌঁছে দেয়ার ব্যবস্থাকরণ | • বিশেষ সেবা সপ্তাহে নিজ নিজ সংস্থার সেবা/সুবিধাসমূহ জনগণের দোরগোড়ায় দৃশ্যমানভাবে পৌঁছে দেয়ার ব্যবস্থা করা।<br>• বিশেষ সেবা সপ্তাহে ডিআইপি কর্তৃক অনলাইনে পাসপোর্টের আবেদন এবং ফি জমা দেয়া সংক্রান্ত সেবা জনগণের দোরগোড়ায় নিয়ে যাওয়া যেতে পারে।<br>• ডিএনসি কর্তৃক মাঠ পর্যায়ে মাদকের কুফল সম্পর্কে উঠান বৈঠকের আয়োজন করা যেতে পারে।<br>• এফএসসিডি কর্তৃক দুর্যোগ প্রতিরোধ ও প্রতিকার সম্পর্কে মাঠ পর্যায়ে সচেতনতামূলক কর্মসূচি এবং প্রশিক্ষণ মহড়া আয়োজন করা যেতে পারে।<br>• কারা অধিদপ্তর কর্তৃক কারাগারকে সংশোধনাগারে রূপান্তরকরণ, কারাগারে প্রিজন লিংক কর্মসূচি বাস্তবায়ন, মুক্তির পর পুনর্বাসনের লক্ষ্যে কারাবন্দিগণ কর্তৃক উৎপাদিত পণ্যের লভ্যাংশের ৫০% অর্থ সংশ্লিষ্ট কারাবন্দিকে প্রদান, প্রশিক্ষণ কর্মসূচি ইত্যাদি বিষয় বিশেষ সেবা সপ্তাহে উপস্থাপন করা যেতে পারে। | অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), সুরক্ষা সেবা বিভাগ, মহাপরিচালক-ডিআইপি, মহাপরিচালক-ফাসাসিডি, কারা মহাপরির্শক-কারা অধিদপ্তর এবং মহাপরিচালক-ডিএনসি। |

সারা দেশব্যাপী উদযাপন কর্মসূচি, মার্চ ২০-২৫, ২০১৮

| অনুষ্ঠান/কর্মসূচি | মন্তব্য | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| জেলা/উপজেলা পর্যায়ে আলোচনা, সেমিনার, চিত্র প্রদর্শনী, ছবি আঁকা প্রতিযোগিতা, আনন্দ শোভাযাত্রা, সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন | বিভাগীয় কমিশনার/জেলা প্রশাসক/ ইউ.এন.ও'র সাথে সমন্বয় করে আয়োজন করা যেতে পারে। | অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), সুরক্ষা সেবা বিভাগ, মহাপরিচালক- ডিআইপি, মহাপরিচালক-ফাসাসিডি, কারা মহাপরির্শক- কারা অধিদপ্তর এবং মহাপরিচালক-ডিএনসি। |
| এলাকাভিত্তিক জনপ্রিয় খেলাধূলার প্রতিযোগিতার আয়োজন, যেমন : নৌকা বাইচ, লাঠিখেলা, ফুটবল, কাবাডি, ক্রিকেট ইত্যাদি | বিভাগীয় কমিশনার/জেলা প্রশাসক | |

০৩। আলোচ্য আন্ত:মন্ত্রণালয় সভার ধারাবাহিকতাক্রমে সুরক্ষা সেবা বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে ১৮/০২/২০১৮ তারিখে অনুষ্ঠিত সভায় অত্র বিভাগের কর্মপরিকল্পায় নিম্নবর্ণিত বিষয়াদি অন্তর্ভুক্তকরণের জন্য পরামর্শ প্রদান করা হয় :

| দপ্তর/সংস্থার নাম | প্রস্তাবিত কর্মপরিকল্পনার বিবরণ |
|---|---|
| ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর | ন্যাশনাল ইমার্জেন্সি সার্ভিস ৯৯৯' এর আওতায় প্রদত্ত ফায়ার সার্ভিসের সেবা কার্যক্রম, এ্যাম্বুলেন্স সার্ভিসের মধ্যে ফায়ার সার্ভিস কতৃক প্রদানকৃত সার্ভিসের তথ্য, ঢাকা মহানগরীতে ১১টি মোবাইল ফায়ার স্টেশন স্থাপন করে নিকটবর্তী মূল ফায়ার স্টেশনকে ব্যাকআপ সার্ভিস প্রদান, ফায়ার সার্ভিসের Activities, Strength, Capacity বৃদ্ধি হওয়া সংক্রান্ত তথ্য বিবরণী, মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী প্রত্যেক উপজেলায় ন্যূনতম ০১টি ফায়ার স্টেশন স্থাপনের অগ্রগতির বিবরণ, জঙ্গি বিরোধী যৌথ অভিযানে অংশগ্রহণ, Road Rescue, Mountain Rescue, কমিউনিটি ভলান্টিয়ার, দুর্যোগ ঝুঁকির বিষয়ে পরিচালিত বিভিন্ন জরিপের ফলাফল, ট্রেনিং প্রোগ্রাম, এ্যাম্বুলেন্সে রোগী পরিবহন, ডুবুরি কার্যক্রম, নতুনভাবে সংযোজিত আধুনিক ইকুইপমেন্টের তালিকা, সাড়া প্রদানকৃত অগ্নি দুর্ঘটনার সংখ্যা, ক্ষয়ক্ষতির বিবরণ এবং ফায়ার সার্ভিস কর্তৃক উদ্ধারকৃত জান মালের বিবরণ। |
| মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মোট অফিস সংখ্যা এবং জনবল, মাদক বিরোধী কার্যক্রমের বিবরণ, ট্রেনিং প্রোগ্রামের বিবরণ, বেসরকারি নিরাময় কেন্দ্র সংক্রান্ত বিবরণ এবং সরকারি পদক্ষেপের বর্ণনা, মাদক বিরোধী আইন যুগোপযোগীকরণের পদক্ষেপ, মাদক নিয়ন্ত্রণ বোর্ডের কার্যক্রম, জাতিসংঘের ০৩টি কনভেনশনের আওতায় বাস্তবায়িত কার্যক্রমের বিবরণ, কলম্বো প্ল্যান অনুসারে গৃহীত কার্যক্রমের বিবরণ, মাদক বিরোধী সচেতনতামূলক কার্যক্রমের অংশ হিসেবে শিক্ষা প্রতিষ্ঠানে কমিটি গঠন, ধর্মীয় প্রতিষ্ঠানের মাধ্যমে মাদক বিরোধী কার্যক্রম পরিচালনার তথ্য, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ভবিষ্যৎ কর্মপরিকল্পনা। |
| কারা অধিদপ্তর | কারাগারকে সংশোধনাগার'এ রূপান্তর করা সংক্রান্ত কার্যক্রম, প্রিজন লিংক স্থাপন সংক্রান্ত কার্যক্রম, কারাবন্দিদের দ্বারা উৎপাদিত পণ্যের লভ্যাংশের ৫০% কারাবন্দিদের মুক্তির পর প্রদান সংক্রান্ত কার্যক্রম, পুরাতন কারাগারসমূহ সংস্কার এবং কারা নিরাপত্তা আধুনিকায়ন সংক্রান্ত কার্যক্রম, কারাগারের ফোন বুথ নীতিমালা সংক্রান্ত কার্যক্রম, কারাবন্দিদের বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান সংক্রান্ত কার্যক্রম; |
| বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর | Handwritten থেকে MRP-তে উত্তরণ সংক্রান্ত কার্যক্রম, অনলাইনে এমআরপি'র আবেদন জমা এবং অনলাইনে পাসপোর্ট ফি জমা করা, বিদেশে অবস্থিত বাংলাদেশ মিশনসমূহে পাসপোর্ট ও ভিসা উইং চালুকরণ, বিদেশী নাগরিকবৃন্দের অনুকূলে নিরাপত্তা ছাড়পত্র ইস্যুকরণ, পাসপোর্ট অফিসের বিবরণ ও ভৌত অবকাঠামো উন্নয়ন সংক্রান্ত কার্যক্রম, মোট ইস্যুকৃত এমআরপি এবং এমআরভি'র সংখ্যা এবং তা থেকে প্রাপ্ত রাজস্ব আয়ের বিবরণী, বিদেশে দ্রুততম সময়ে পাসপোর্ট পৌছানো, বাংলাদেশ সচিবালয়ে পাসপোর্ট বুথ চালুকরণ। |

০৪। উক্ত বিষয়ে ২২/০২/২০১৮ তারিখে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর উপস্থিতিতে অনুষ্ঠিত এক সভায় জননিরাপত্তা বিভাগ ও সুরক্ষা সেবা বিভাগ একীভূত কর্মসূচি গ্রহণ করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে ২৬/০২/২০১৮ তারিখে জননিরাপত্তা বিভাগের অতিরিক্ত সচিব (উন্নয়ন) এর সথে আলোচনা হয়েছে বলেও সভাকে অবহিত করা হয়। এছাড়া গত ২২/০২/২০১৮ তারিখে স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয় :

(ক) স্বল্পোন্নত দেশের স্ট্যাটাস হতে বাংলাদেশের উত্তরণের যোগ্যতা অর্জনের ঐতিহাসিক সাফল্য উদযাপন উপলক্ষে বাংলার ঐতিহ্য, সংস্কৃতি ও উন্নয়ন তুলে ধরে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/গুরুত্বপূর্ণ সংস্থা কর্তৃক ঢাকা শহরের বিভিন্ন স্থান থেকে সুসজ্জিত বাদক দল/তারকা খেলোয়ার/অভিনেতাসহ বিশিষ্ট ব্যক্তিবর্গ ও জনগণের অংশগ্রহণে ২২/০৩/২০১৮ তারিখ বিকাল ০৩.০০ ঘটিকায় বর্ণাঢ্য শোভাযাত্রা শুরু করে বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে সমবেত হবে যার গতিপথ হবে নিম্নরূপ :

| মন্ত্রণালয়/বিভাগের নাম | সমবেত হওয়ার স্থান ও শোভাযাত্রার গতিপথ |
|---|---|
| (১) মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, (২) পরিবেশ ও বন মন্ত্রণালয়, (৩) অর্থ বিভাগ, (৪) অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, (৫) আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, (৬) স্বাস্থ্য সেবা বিভাগ, (৭) স্বাস্থ্য শিক্ষা ও পরিবার বিভাগ, (৮) জননিরাপত্তা বিভাগ, (৯) সুরক্ষা সেবা বিভাগ, (১০) গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, (১১) তথ্য মন্ত্রণালয়, (১২) বস্ত্র ও পাট মন্ত্রণালয়, (১৩) শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, (১৪) আইন ও বিচার বিভাগ, (১৫) লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ এবং (১৬) ভূমি মন্ত্রণালয়। | স্থান : শিশু একাডেমি ও দোয়েল চত্বর সংলগ্ন এলাকা।<br>গতিপথ : শিশু একাডেমি-আবদুল গণি রোড-জিপিও-বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামের পশ্চিম গেইট। |

(খ) ২০-২৫ মার্চ ২০১৮ তারিখে বিভাগ/জেলা/উপলো ও ইউনিয়ন পর্যায়ে প্রতিটি মন্ত্রণালয়/বিভাগ সেবা সপ্তাহ উদযাপন করবে যার কর্মসূচি হবে নিম্নরূপ :

| ক্রমিক | কার্যক্রম | মন্তব্য |
|---|---|---|
| (১) | সেবা সপ্তাহ উপলক্ষে সকল মন্ত্রণালয়/বিভাগ জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে নাগরিক সুবিধাগুলো জনগণের দোরগোড়ায় পৌঁছে দিতে মাঠ পর্যায়ের দৃশ্যমানভাবে সেবাদান কার্যক্রম গ্রহণ করবে। | সকল মন্ত্রণালয়/বিভাগ |
| (২) | প্রতিটি মন্ত্রণালয়/বিভাগ বিশেষ সেবা সপ্তাহ উদযাপনের লক্ষ্যে তৃণমূল পর্যায়ে সকল অধীনস্থ বিভাগকে সম্পৃক্ত করে একটি কর্মপরিকল্পনা প্রস্তুত ও বাস্তবায়ন রূপরেখা প্রণয়ন করবে এবং তা জেলা/উপজেলা/ইউনিয়ন পর্যায়ে বাস্তবায়নের ক্ষেত্রে সমন্বয় সাধন করবে। | সকল মন্ত্রণালয়/বিভাগ |
| (৩) | জেলা উপজেলা ভিত্তিক বিভিন্ন গুরুত্বপূর্ণ সড়ক ও পয়েন্টে TVC, Theme Song প্রচার করবে। সহজবোধ্য ভাষায় বুলেট আকারে উন্নয়নের চিত্র তুলে ধরে শহরময় রঙিন পোস্টার, লিফলেট, হ্যান্ডবিল প্রচার করতে হবে। | সকল মন্ত্রণালয়/বিভাগ |
| (৪) | সেবা সপ্তাহ উদযাপনে জেলা/উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে আলোচনা, সেমিনারের আয়োজন, চিত্র প্রদর্শনী, ছবি আঁকা প্রতিযোগিতা, আনন্দ শোভাযাত্রা, সংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করতে হবে। এ ছাড়া এলাকাভিত্তিক জনপ্রিয় খেলাধুলা, যেমন : নৌকা বাইচ, লাঠিখেলা, ফুটবল, কাবাডি, ক্রিকেট ইত্যাদি আয়োজন করতে হবে। | সকল মন্ত্রণালয়/বিভাগ |
| (৫) | তথ্য প্রযুক্তি বিষয়ক উন্নয়ন কার্যক্রমের প্রদর্শনী করতে হবে। | সকল মন্ত্রণালয়/বিভাগ |
| (৬) | শোভাযাত্রা বর্ণাঢ্য উৎসবমুখর করার লক্ষ্যে সুসজ্জিত ট্রাক, ঘোড়ার গাড়ি, বাদকদল, শিল্পী দল, রঙ্গিন ব্যানার, পোস্টার, প্ল্যাকার্ড ব্যবহার করতে হবে। | সকল মন্ত্রণালয়/বিভাগ |
| (৭) | আন্ত:মন্ত্রণালয় প্রস্তুতি সভায় উপস্থিত কর্মকর্তাগণ শোভাযাত্রা আয়োজনে স্ব-স্ব মন্ত্রণালয়/বিভাগের ফোকাল পয়েন্ট হিসেবে দায়িত্ব পালন করবেন। | সকল মন্ত্রণালয়/বিভাগ |
| (৮) | প্রত্যেক মন্ত্রণালয়/বিভাগ তার অধীনস্থ দপ্তর/সংস্থার সাথে সভা করে স্ব-স্ব-কর্মপরিকল্পনা প্রস্তুত করে তা বাস্তবায়নে ব্যবস্থা করবেন। | সকল মন্ত্রণালয়/বিভাগ |

০৫। উক্ত বিষয়ে ২৭/০২/২০১৮ তারিখে মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত আন্ত:মন্ত্রণালয় সভায় বিস্তারিত আলোচনা হয়েছে বলেও সভাকে বিশদভাবে অবহিত করা হয়। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয় :

(৫.১) ১৮/০২/২০১৮, ২২/০২/২০১৮ ও ২৭/০২/২০১৮ তারিখে অনুষ্ঠিত আন্ত:মন্ত্রণালয় সভার সিদ্ধান্ত অনুযায়ী নিজ নিজ দপ্তর/সংস্থার সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারী ও অংশীজনসহ ২২/০৩/২০১৮ তারিখ বিকাল ০৩.০০ ঘটিকার মধ্যে বর্ণাঢ্য শোভাযাত্রাসহ নির্ধারিত গতিপথে নির্ধারিত স্থানে সমবেত হওয়া;

(৫.২) উক্ত সিদ্ধান্ত অনুযায়ী ২০-২৫ মার্চ ২০১৮ তারিখে বিভাগ/জেলা/উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে নিজ নিজ দপ্তর/সংস্থার মাধ্যমে বিপুল উৎসাহ উদ্দীপনাসহ সেবা সপ্তাহ উদযাপন করা। সেবা সপ্তাহ উপলক্ষে জনসাধারণের বুঝার সুবিধার্থে সহজ ভাষায় ব্যানার প্রস্তুতপূর্বক গুরুত্বপূর্ণ স্থানে প্রদর্শন করা;

(৫.৩) সেবা সপ্তাহ উদযাপন উপলক্ষে নিজ নিজ দপ্তর/সংস্থার সেবাসমূহ দৃশ্যমানভাবে জনগণের দোরগোড়ায় পৌঁছে দেয়ার ব্যবস্থা করা;

(৫.৪) সেবা সপ্তাহ উদযাপনকালে বিভাগ/জেলা/উপজেলা প্রশাসনের এ সংক্রান্ত কর্মসূচির সাথে কার্যকরভাবে সমন্বয় সাধন করা;

(৫.৫) সুরক্ষা সেবা বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের সাফল্য উন্নয়ন বিবরণী এক পৃষ্ঠায় সংকলন করে প্রতিটি ছবিসহ ০৪/০৩/২০১৮ তারিখের মধ্যে অর্থনৈতিক সম্পর্ক বিভাগে প্রতিবেদন প্রেরণ করা;

(৫.৬) সুরক্ষা সেবা বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের আলোচ্য কার্যক্রমের বিবরণী জননিরাপত্তা বিভাগ এবং অর্থনৈতিক সম্পর্ক বিভাগে প্রেরণ করা।

০৬। সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
(ফরিদ উদ্দিন আহম্মদ চৌধুরী)
সচিব
সুরক্ষা সেবা বিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
অগ্নি অনুবিভাগ
www.ssd.gov.bd

স্মারক নং-৫৮.০০.০০০০.০৫২.৫৫.০০১.১৮- তারিখ : ০৮ ফাল্গুন ১৪২৪ / ২০ ফেব্রুয়ারি ২০১৮

বিষয় : বাংলাদেশের এলডিসি স্ট্যাটাস থেকে উত্তরণ যোগ্যতা অর্জনের ঐতিহাসিক সাফল্য উদযাপন উপলক্ষে কর্মপরিকল্পনা প্রণয়ন প্রসঙ্গে।

সূত্র : (০১) অর্থনৈতিক সম্পর্ক বিভাগের ডিও পত্র নং-০৯.০০.০০০০.২২৫.৩১.০০৬.২০১৭-৭০৭; তারিখ:২০/১২/২০১৭
(০২) ১৪/০১/২০১৮ তারিখের অর্থনৈতিক সম্পর্ক বিভাগে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত।
(০৩) অর্থনৈতিক সম্পর্ক বিভাগের পত্র নং-০৯.০০.০০০০.২২৫.৩১.০০৬.২০১৭-১৬, তারিখ: ৩০/০১/২০১৮
(০৪) ৩১/০১/২০১৮ তারিখের প্রধানমন্ত্রীর কার্যালয়ের অনুষ্ঠিত সিদ্ধান্ত।
(০৫) প্রধানমন্ত্রীর কার্যালয়ের পত্র নং-০৩.০৭৩.০৪৬.০৯.০০.০০২.২০১৮-৫৬; তারিখ: ১৪/০২/২০১৮

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশের এলডিসি স্ট্যাটাস থেকে উত্তরণ যোগ্যতা অর্জনের ঐতিহাসিক সাফল্য উদযাপন উপলক্ষে মুখ্য সমন্বয়ক, এসডিজি মহোদয়ের সভাপতিত্বে ১৮/০২/২০১৮ তারিখে ভিডিও কনফারেন্সিংয়ের মাধ্যমে একটি আন্ত:মন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় এ মর্মে আলোচনা হয় যে, বাংলাদেশ এলডিসি স্ট্যাটাস থেকে উত্তরণে ০৩টি নির্ণায়ক, যেমন: (১) GNI Per Capita (২) Human Asset Index & (৩) Economic Vulnerability Index এক সাথে উত্তরণের যোগ্যতা অর্জন করেছে। এ প্রেক্ষাপটে উক্ত আন্ত:মন্ত্রণালয় সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয় :

- বাংলাদেশের এলডিসি স্ট্যাটাস থেকে উত্তরণের বিষয়টি ২২/০৩/২০১৮ তারিখে আনুষ্ঠানিকভাবে উদযাপন করা হবে। এ বিষয়ে ইআরডি লিড মিনিস্ট্রি হিসেবে দায়িত্ব পালন করবে;
- প্রত্যেক মন্ত্রণালয়/বিভাগ ১৮/০২/২০১৮ তারিখ থেকে ০৭ (সাত) দিনের মধ্যে অর্থৎ ২৫/০২/২০১৮ তারিখের মধ্যে এ সংক্রান্ত কর্মপরিকল্পনা প্রণয়ন করে মাঠ পর্যায়ের অফিস এবং প্রধানমন্ত্রীর কার্যালয় ও ইআরডি'কে অবহিত করবে। এ বিষয়ে আগাম ২৭/০২/২০১৮ তারিখ বিকাল ০৪.০০ টায় প্রধানমন্ত্রীর কার্যালয়ে সমন্বয় সভা হবে;
- প্রস্তাবিত কর্মপরিকল্পনাতে মন্ত্রণালয়/বিভাগের গুরুত্বপূর্ণ ইস্যুসমূহ এমনভাবে অন্তর্ভুক্ত করতে হবে যেন সাধারণ মানুষ সহজেই উক্তরূপ উত্তরণের বিষয়টি উপলব্দি করতে পারে। কর্মপরিকল্পনাতে মৌলিক সূচকসমূহের তুলনামূলক চিত্র উপস্থাপন করা যেতে পারে;
- উক্তরূপ উত্তরণের বিষয়টি প্রত্যেক মন্ত্রণালয়/বিভাগ নিজ নিজ কর্মপরিকল্পনা অনুযায়ী পৃথকভাবে উদযাপন করবে;
- ২০-২৬ মার্চ, ২০১৮ সময়কালে প্রত্যেক মন্ত্রণালয়/বিভাগ বিশেষ সেবা সপ্তাহ পালন করবে। সেবা সপ্তাহ চলাকালে প্রত্যেক মন্ত্রণালয়/বিভাগের সেবাসমূহ জনগণের দোরগোড়ায় পৌঁছে দেয়ার ব্যবস্থা করতে হবে;
- প্রত্যেক দপ্তর/সংস্থার প্রশিক্ষণ একাডেমিতে এলডিসি স্ট্যাটাস থেকে উত্তরণ, উত্তরণের গুরুত্ব, পরবর্তী করণীয় ইত্যাদি বিষয়ে দিনব্যাপী কর্মশালা আয়োজন;
- এলডিসি থেকে উত্তরণের প্রভাব সংক্রান্ত প্রতিবেদন অবিলম্বে ইআরডি'তে প্রেরণ করতে হবে।

০২। উক্ত বিষয়ে ১৮/০২/২০১৮ তারিখে অত্র বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় আলোচনা হয় এবং নিম্নবর্ণিত বিষয়াদি আলোচ্য কর্মপরিকল্পনাতে অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয় :

<u>ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর</u>

- ন্যাশনাল ইমার্জেন্সি সার্ভিস ৯৯৯' এর আওতায় প্রদত্ত ফায়ার সার্ভিসের সেবা কার্যক্রম, এ্যাম্বুলেন্স সার্ভিসের মধ্যে ফায়ার সার্ভিস কতৃক প্রদানকৃত সার্ভিসের তথ্য;
- ঢাকা মহানগরীতে ১১টি মোবাইল ফায়ার স্টেশন স্থাপন করে নিকটবর্তী মূল ফায়ার স্টেশনকে ব্যাকআপ সার্ভিস প্রদান;
- ফায়ার সার্ভিসের Activities, Strength, Capacity বৃদ্ধি হওয়া সংক্রান্ত তথ্য বিবরণী;
- মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী প্রত্যেক উপজেলায় ন্যূনতম ০১টি ফায়ার স্টেশন স্থাপনের অগ্রগতির বিবরণ;
- জঙ্গি বিরোধী যৌথ অভিযানে অংশগ্রহণ, Road Rescue, Mountain Rescue, কমিউনিটি ভলান্টিয়ার, দুর্যোগ ঝুঁকির বিষয়ে পরিচালিত বিভিন্ন জরিপের ফলাফল, ট্রেনিং প্রোগ্রাম, এ্যাম্বুলেন্সে রোগী পরিবহন, ডুবুরি কার্যক্রম, নতুনভাবে সংযোজিত আধুনিক ইকুইপমেন্টের তালিকা;
- সাড়া প্রদানকৃত অগ্নি দুর্ঘটনার সংখ্যা, ক্ষয়ক্ষতির বিবরণ এবং ফায়ার সার্ভিস কর্তৃক উদ্ধারকৃত জান মালের বিবরণ।

<u>মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর</u>

- মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মোট অফিস সংখ্যা এবং জনবল;
- মাদক বিরোধী কার্যক্রমের বিবরণ;

- ট্রেনিং প্রোগ্রামের বিবরণ;
- বেসরকারি নিরাময় কেন্দ্র সংক্রান্ত বিবরণ এবং সরকারি পদক্ষেপের বর্ণনা;
- মাদক বিরোধী আইন যুগোপযোগীকরণের পদক্ষেপ;
- মাদক নিয়ন্ত্রণ বোর্ডের কার্যক্রম;
- জাতিসংঘের ০৩টি কনভেনশনের আওতায় বাস্তবায়িত কার্যক্রমের বিবরণ;
- কলম্বো প্ল্যান অনুসারে গৃহীত কার্যক্রমের বিবরণ;
- মাদক বিরোধী সচেতনতামূলক কার্যক্রমের অংশ হিসেবে শিক্ষা প্রতিষ্ঠানে কমিটি গঠন, ধর্মীয় প্রতিষ্ঠানের মাধ্যমে মাদক বিরোধী কার্যক্রম পরিচালনার তথ্য;
- মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ভবিষ্যৎ কর্মপরিকল্পনা।

<u>কারা অধিদপ্তর</u>

- কারাগারকে সংশোধনাগার'এ রূপান্তর করা সংক্রান্ত কার্যক্রম;
- প্রিজন লিংক স্থাপন সংক্রান্ত কার্যক্রম;
- কারাবন্দিদের দ্বারা উৎপাদিত পণ্যের লভ্যাংশের ৫০% কারাবন্দিদের মুক্তির পর প্রদান সংক্রান্ত কার্যক্রম;
- পুরাতন কারাগারসমূহ সংস্কার এবং কারা নিরাপত্তা আধুনিকায়ন সংক্রান্ত কার্যক্রম;
- কারাগারের ফোন বুথ নীতিমালা সংক্রান্ত কার্যক্রম;
- কারাবন্দিদের বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান সংক্রান্ত কার্যক্রম;

<u>বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর</u>

- Handwritten থেকে MRP-তে উত্তরণ সংক্রান্ত কার্যক্রম;
- অনলাইনে এমআরপি'র আবেদন জমা এবং অনলাইনে পাসপোর্ট ফি জমা করা;
- বিদেশে অবস্থিত বাংলাদেশ মিশনসমূহে পাসপোর্ট ও ভিসা উইং চালুকরণ;
- বিদেশী নাগরিকবৃন্দের অনুকূলে নিরাপত্তা ছাড়পত্র ইস্যুকরণ;
- পাসপোর্ট অফিসের বিবরণ ও ভৌত অবকাঠামো উন্নয়ন সংক্রান্ত কার্যক্রম;
- মোট ইস্যুকৃত এমআরপি এবং এমআরভি'র সংখ্যা এবং তা থেকে প্রাপ্ত রাজস্ব আয়ের বিবরণী;
- বিদেশে দ্রুততম সময়ে পাসপোর্ট পৌছানো;
- বাংলাদেশ সচিবালয়ে পাসপোর্ট বুথ চালুকরণ।

<u>উন্নয়ন উইং</u>

- দপ্তর/সংস্থা ওয়ারি প্রকল্পের বিবরণ;
- দপ্তর/সংস্থা ওয়ারি Upcoming প্রকল্পের বিবরণ।

০৩। উপরে বর্ণিত অবস্থার প্রেক্ষিতে উল্লিখিত কার্যাবলীর বিষয়ে সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা প্রধানগণের সাথে আলোচনা করে ২২/০২/২০১৮ তারিখের মধ্যে খসড়া কর্মপরিকল্পনা প্রণয়নপূর্বক প্রশাসন ও অর্থ উইংয়ে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো। উল্লেখ্য, উক্ত বিষয়ে অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) ফোকাল পয়েন্ট কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করবেন।

সংযুক্তি : বর্ণনামতে ০৪ (চার) ফর্দ।

স্বাক্ষরিত/-
(প্রদীপ রঞ্জন চক্রবর্তী)
অতিরিক্ত সচিব
ফোন : ৯৫৭৬৩৪৩
ই-মেইল : fire1@ssd.gov.bd

<u>বিতরণ (জ্ঞাতার্থে ও কার্যার্থে)</u> :

(১) অতিরিক্ত সচিব ..................................(সকল) উইং........., সুরক্ষা সেবা বিভাগ, ঢাকা।
(২) মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
(৩) মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
(৪) মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
(৫) কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, ঢাকা।

উক্ত বিষয়ে কর্মপরিকল্পনা প্রণয়ন করে অত্র বিভাগের প্রশাসন ও অর্থ উইংয়ে জরুরি ভিত্তিতে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

<u>অনুলিপি</u> :

০১। জনাব মনোয়ার আহমেদ, অতিরিক্ত সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা।
০২। মহাপরিচালক-২, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৩। জনাব এস.এম. তরিকুল ইসলাম, পরিচালক-৬, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।